

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেট আপিল বিভাগ, চতুর্থ ডিপার্টমেন্টে বিচারপতি মার্ক মন্টুরকে নিয়োগ করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

বিচারপতি মন্টুর হবেন প্রথম নেটিভ আমেরিকান বিচারপতি যিনি নিউ ইয়র্ক স্টেট আপিল বিভাগে দায়িত্ব পালন করবেন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট আপিল বিভাগের চতুর্থ জুডিশিয়াল ডিপার্টমেন্টে (Appellate Division's Fourth Judicial Department), যা সেন্ট্রাল ও ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে সেবা দেয়, বিচারপতি মার্ক মন্টুরকে নিয়োগ দেওয়ার ঘোষণা দিয়েছেন। বিচারপতি মন্টুর, বর্তমানে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের বিচারপতি, তিনি নিউ ইয়র্ক স্টেটের আপিল বিভাগের যেকোনো স্থানে কাজ করার জন্য প্রথম নেটিভ আমেরিকান বিচারপতি হবেন।

"বিচারপতি মার্ক মন্টুর একজন প্রতিভাবান আইনী ব্যক্তিত্ব যিনি বিচার ব্যবস্থায় চিন্তাশীল দৃষ্টিভঙ্গি নিয়ে আসেন," বলেছেন গভর্নর হোকল। "বিচারপতি মন্টুরকে আপিল বিভাগ, চতুর্থ ডিপার্টমেন্টে নিয়োগ করতে পেরে আমি সম্মানিত বোধ করছি এবং এই ভূমিকা পালনকারী প্রথম নেটিভ আমেরিকান বিচারপতি হিসেবে ইতিহাস তৈরি করার জন্য আমি তাকে অভিনন্দন জানাই।"

বিচারপতি মার্ক মন্টুরকে আপিল বিভাগের চতুর্থ ডিপার্টমেন্টে নিয়োগ দেওয়া হয়েছে। তিনি নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং 2013 সালে এই পদে নির্বাচিত হয়েছিলেন। বিচারপতি মন্টুর, এর আগে অস্টম জুডিশিয়াল ডিস্ট্রিক্টের ভারপ্রাপ্ত প্রশাসনিক বিচারক ছিলেন এবং জেনেসি ও ওয়াইওমিং কাউন্টি টাউন এবং ভিলেজ জাস্টিস কোর্টের তত্ত্বাবধানকারী বিচারক ছিলেন। তিনি সেন্ট রেজিস মোহাক ইন্টিয়ান নেশনের একজন নিবন্ধিত সদস্য এবং কাহনাওয়াকে কানিয়েন'কেহা:কা রেজিস্ট্রিতে (Kahnawake Kanien'keha:ka Registry) স্বীকৃতিপ্রাপ্ত। বিচারপতি মন্টুর ছিলেন প্রথম নেটিভ আমেরিকান যিনি নিউ ইয়র্ক স্টেটে স্টেট পর্যায়ের বিচার বিভাগীয় পদে নির্বাচিত হন। এছাড়াও তিনি নিউ ইয়র্ক স্টেট ট্রাইবাল কোর্টস কমিটির চেয়ারম্যান, নিউ ইয়র্ক-ফেডারেল-স্টেট ও ট্রাইবাল কোর্ট এবং ইন্ডিয়ান নেশনস জাস্টিস ফোরামের স্টেট ফ্যাসিলিটেটর এবং বিচারিক নৈতিকতা বিষয়ক উপদেশ্ব্য কমিটির সদস্য।

আপিল বিভাগের চতুর্থ ডিপার্টমেন্টের বিচার বিভাগীয় স্ক্রিনিং কমিটি আবেদনসমূহ পর্যালোচনা করেছে এবং কয়েক ডজন আবেদনকারীর সাক্ষাৎকার নিয়েছে। শুধুমাত্র যেসব আবেদনকারীকে কমিটিগুলো "অত্যন্ত যোগ্য" বলে গণ্য করেছিল তাদেরকে বিবেচনার জন্য গভর্নরের কাছে জমা দেওয়া হয়েছিল। "অত্যন্ত যোগ্য" হিসেবে বিবেচিত হওয়ার জন্য প্রার্থীদেরকে অবশ্যই সততা, আত্মনির্ভরশীলতা, নেতৃত্ব, মেধা, আইনি সক্ষমতা, বিচারবোধ, মেজাজ, ও অভিজ্ঞতা প্রদর্শন করতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের সংবিধান (New York State Constitution) ও বিচার বিভাগের আইন (Judiciary Law) অনুসারে, সুপ্রিম কোর্টের বিচারক হিসেবে যাঁরা নির্বাচিত হয়েছেন, তাঁদের মধ্যে থেকে প্রতিটি আপিল বিভাগে বিচারক নিয়োগ করার কর্তৃত্ব গভর্নরের। এই নিয়োগসমূহের জন্য সিনেট নিশ্চিতকরণ প্রয়োজনীয় নয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: <u>www.governor.ny.gov</u>-এ নিউ ইয়র্ক স্টেট। এক্সিকিউটিভ চেম্বার | <u>press.office@exec.ny.gov</u> | 518.474.8418